

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪৬৩২

৩৫/ সুনাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ৯. খলিফাগণ সম্পর্কে

بَابٌ فِي الْخُلَفَاءِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ فَارِسِ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، قَالَ: مُحَمَّدٌ كَتَبْتُهُ مِنْ كِتَابِهِ، قَالَ: أَخْبُرَنَا مَعْمَرٌ، عَنِ الزُّهْرِيّ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنِ الْبْنِ عَبَّاسٍ، قَالَ: كَانَ أَبُو هُرَيْرَةَ يُحَدِّثُ أَنَّ رَجُلًا أَتَى إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: إِنِي أَرَى اللَّيْلَةَ هُرُيْرَةَ يُحَدِّثُ أَنَّ رَجُلًا أَتَى إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: إِنِي أَرَى اللَّيْلَةَ طُلُّةً يَنْطِفُ مِنْهَا السَّمْنُ وَالْعَسَلُ، فَأَرَى النَّاسَ يَتَكَفَّفُونَ بِأَيْدِيهِمْ، فَالْمُسْتَكْثُرُ، وَالْمُسْتَقِلُّ، وَأَرَى سَبَبًا وَاصِلًا مِنَ السَّمَاءِ إِلَى الْأَرْضِ، فَأَرَاكَ يَا رَسُولَ اللَّهِ أَخَذْتَ بِهِ وَلُمُلُومَ وَالْمُسْتَقِلُّ، وَأَرَى سَبَبًا وَاصِلًا مِنَ السَّمَاءِ إِلَى الْأَرْضِ، فَأَرَاكَ يَا رَسُولَ اللَّهِ أَخَذُ بِهِ رَجُلُّ اَخَرُ فَعَلَا بِهِ، ثُمَّ أَخَذَ بِهِ رَجُلُّ آخَرُ فَعَلَا بِهِ ثُمَّ أَخَذَ بِهِ رَجُلُ الْعَرْفَى اللَّعَمُ اللَّهُ فَعَلَا بِهِ ثُمَّ أَخَذَ بِهِ رَجُلُ الْعَرْفَ فَعَلَا بِهِ ثُمَّ أَخَذَ بِهِ رَجُلُ الْعَلَيْءَ الْمُسْتَقِلُ مُ وَالْمَسْتَقِلُ مَنَ السَّمْنِ وَالْمَسْتَقِلُ مِنْ الْمُعْمِ الْمُسْتَقِلُ مِنَا السَّمْنِ وَالْمُسْتَقِلُ مِنَا السَّمْنِ وَالْمَسْتَقِلُ مِنَا السَّمْنِ الْمُسْتَقِلُ مِنَا الْمُسْتَقِلُ مِنَا الْمُسْتَقِلُ مِنَا الْمُسْتَقِلُ مِنَا الْمَسْتَقِلُ مِنَا السَّمْنِ وَالْمُسْتَقِلُ مِنْ الْمُولَ الْقَهُ وَالْحَلَيْقُ مِنَا السَّبِلُ الْوَاصِلُ مِنَ الْفُرْآنِ وَلَا اللَّهُ لَتُحَدِّقِي أَلْهُ اللَّهُ لَتُحَدِّقِي أَعْلُو بِهِ وَلَا السَّهُ لَلُو الْعَلَى اللَّهُ لَلُولُو الْمُرُومِ وَلَى اللَّهُ الْمُسْتَقِلُ مَا اللَّهُ لَلُولُ الْمَالُ اللَّهُ لَلُولُ الْمُلُولُ الْمَلْ مُ اللَّهُ لَلُولُ الْمَلْ مُ الْمُ اللَّهُ لَلُولُ اللَّهُ اللَّهُ الْمُسْتَقِلُ اللَّهُ الْمُ الْمُنْ الْمُلْولُ اللَّهُ الْمُسْتَعِلَ الْمُسُلِّمُ اللَّهُ الْمُنْ الْمُؤْلُولُ اللَّهُ الْمُعْلُولُ اللَّهُ الْمُعْلُولُ الْمُلْمُ الْمُلْمُ الْمُلْعُلُ

صحيح

বাংলা



৪৬৩২। ইবনু আব্বাস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আবূ হুরাইরাহ (রাঃ) হাদীস বর্ণনা করতেন, একদা এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বললো, আমি রাতে স্বপ্নে দেখেছি, এক টুকরা মেঘ থেকে মাখন ও মধু ঝড়ে পড়ছে এবং আমি আরো দেখলাম যে, লোকজন হাতের মুঠোয় করে তা তুলে নিচ্ছে; তাতে কেউ বেশী নিচ্ছে আবার কেউ কম নিচ্ছে।

আর দেখতে পেলাম একখানা রশি আকাশ থেকে পৃথিবী পর্যন্ত ঝুলন্ত অবস্থায় রয়েছে। হে আল্লাহর রাসূল! আমি দেখলাম সেটা ধরে আপনি উপরে উঠে গেলেন। অতঃপর অন্য এক ব্যক্তি তা ধরে উপরের দিকে উঠে গেলেন। অতঃপর আর ব্যক্তি তা ধরে উঠতে লাগলে তা ছিঁড়ে যায়, তারপর পুনরায় তা জোড়া দেয়া হলে সেও তা দিয়ে উপরে উঠে যায়।

আবৃ বকর (রাঃ) বললেন, আমার পিতা-মাতার কসম! আমাকে অনুমতি দিলে আমি এর ব্যাখ্যা করি। তিনি বললেন, ঠিক আছে, করুন। তিনি [আবৃ বকর (রাঃ)] বললেন, মেঘ হলো ইসলামের মেঘ, আর মেঘ থেকে যে মধু ও মাখন ঝড়ে পড়ছে তা হলো কুরআনের মাধুর্যতা ও আস্বাদ, আর কম-বেশি গ্রহণ হলো কুরআন থেকে বেশি হিদায়াত গ্রহণ ও কম গ্রহণ করা। আর আকাশ থেকে পৃথিবী পর্যন্ত ঝুলন্ত রশিটি হলো সেই সত্য যার উপর আপনি রয়েছেন এবং এটা ধরেই আল্লাহ আপনাকে উধ্বের্ধ উঠাবেন।

অতঃপর এক ব্যক্তি তা ধরে উপরে উঠবেন [তিনি হলেন, আবৃ বকর (রাঃ)] তারপর এক ব্যক্তি তা ধরে উপরের দিকে উঠতেই তা ছিঁড়ে যাবে, তারপর পুনরায় জুড়ে দেয়া হলে তা ধরে তিনিও উপরে উঠবেন [তিনি হলেন উসমান (রাঃ)]। হে আল্লাহর রাসূল! আমি ভুল বলেছি না ঠিক বলেছি বলে দিন। তিনি বলেন, কিছুটা ঠিক হয়েছে এবং কিছুটা ভুল হয়েছে। তিনি বললেন, আমি কসম করে বলছি! আমার যা ভুল হয়েছে তা হে আল্লাহর রাসূল! আমাকে অবশ্যই বলে দিন। এতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি কসম করো না।[1]

সহীহ।

English

Ibn 'Abbas said:

Abu Hurairah said that a man came to the Messenger of Allah (**) and said: I saw (in my dream) a piece of cloud from which ghee and honey were dropping. I saw the people spreading their hands. Some of them took much and some a little. I also saw a rope hanging from Heaven to Earth. I saw, Messenger of Allah, that you caught hold of it and ascended by it. Then another man caught hold of it and ascended it. Then another man caught hold of it, but it broke, and then it was joined and he ascended it.

AbuBakr said: May my parents be sacrificed for you, if you allow, I shall interpret it.



He said: Interpret it. He said: The piece of cloud is the cloud of Islam; the ghee and honey that were dropping from it are the Qur'an, which contains softness and sweetness. Those who received much or little of it are those who learn much or little of the Qur'an. The rope hanging from Heaven to Earth is the truth which you are following. You catch hold of it and then Allah will raise you to Him. Then another man will catch hold of it and ascend it, Then another man will catch hold of it and it will break. But it will be joined and he will ascend it. Tell me. Messenger of Allah, whether I am right or wrong.

He said: You are partly right and partly wrong. He said: I adjure you by Allah, you should tell me where I am wrong.

The Prophet (ﷺ) said: Do not take an oath.

ফুটনোট

[1]. বুখারী, মুসলিম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন